



# আঞ্চলিক তথ্য অফিস, সিলেট



তথ্য অধিদফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্যবিবরণী

নম্বর: ০৪৮

## কানাইঘাটে বন্যা পরবর্তী করণীয় বিষয়ক এডভোকেসি সভা অনুষ্ঠিত

সিলেট, বৃহস্পতিবার, ২২ কার্তিক (০৭ নভেম্বর):

সিলেটে জেলা তথ্য অফিসের উদ্যোগে কানাইঘাট উপজেলায় বন্যা পরবর্তী করণীয় বিষয়ক এডভোকেসি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ ০৭ নভেম্বর বৃহস্পতিবার কানাইঘাট উপজেলার বড়চতুল ইউনিয়ন পরিষদ হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। এতে বক্তাগণ বন্যা এবং বন্যা পরবর্তী সময়ে স্বাস্থ্য সুরক্ষা ও করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

জেলা তথ্য অফিসের উপপরিচালক মো. সালাহ উদ্দিনের সভাপতিত্বে সভায় বক্তব্য প্রদান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আব্দুল মালেক চৌধুরী ও ফিল্ড সুপারভাইজার গোলাম কিবরিয়া।

সভাপতির বক্তব্যে জেলা তথ্য অফিসের উপপরিচালক মো. সালাহ উদ্দিন বলেন, বন্যাপ্রবণ এলাকাখ্যাত কানাইঘাট উপজেলার জনসাধারণ প্রতিনিয়তই বন্যার সাথে যুদ্ধ করে যাচ্ছে। বছরে এক বা একাধিক বন্যায় এ এলাকার ঘর-বাড়িসহ ক্ষতি হচ্ছে বিভিন্ন পর্যায়ে। তবে এ সকল ক্ষতি কমিয়ে আনা যায় যদি বন্যার পূর্ব প্রস্তুতি থাকে।

মো. সালাহ উদ্দিন আরো বলেন, বন্যার তিনটি পর্যায় থাকে, বন্যার পূর্বে, বন্যাকালীন এবং তৃতীয়টি হচ্ছে বন্যাপরবর্তী করণীয়- এ বিষয়গুলো সকলকে অবহিত করতেই এ আয়োজন। বন্যায় যাতে প্রাণহানি না ঘটে সেদিকে বিশেষ নজর রাখতে সংশ্লিষ্টদের আহ্বান জানান তিনি। দুর্যোগকালে সচেতনতামূলক এ বার্তাসমূহ যদি তৃণমূল পর্যায়ের মানুষের কাছে পৌঁছানো যায় তাহলেই এ আয়োজন স্বার্থক হবে বলে তিনি উল্লেখ করেন।

জেলা তথ্য অফিসের উচ্চমান সহকারী মো. লেবাহ উদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠানে কোম্পানীগঞ্জ উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

মাসুদ/২০২৪/১৬: ১৩ ঘণ্টা